Bangladesh 50

আপনার শহরকে পরিচ্ছন্ন
ও সবুজ রাখুন

মুজিব শতবর্ষ

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

চট্টগ্রাম সিটি কর্পোরেশন
সচিবালয় বিভাগ
সাধারণ শাখা
বাটালি হিল, টাইগারপাস, চট্টগ্রাম
www.ccc.gov.bd

## চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ১৭তম সাধারণ সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ রেজাউল করিম চৌধুরী<br>মেয়র, চট্টগ্রাম সিটি কর্পোরেশন |
| সভার তারিখ | : | ২৮ জুন ২০২২ খ্রিঃ |
| স্থান | : | কে.বি আবদুচ ছত্তার মিলনায়তন<br>(আন্দরকিল্লাস্থ পুরাতন নগর ভবন) |
| সভার সময় | : | দুপুর- ১১.০০ ঘটিকা। |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট ক-তে দ্রষ্টব্য (স্বাক্ষরের ক্রমানুসারে)।

পবিত্র কোরআন তিলাওয়াতের মাধ্যমে সভা শুরু করা হয়। সভার শুরুতে সিলেটের সুনামগঞ্জে বন্যায় এবং সীতাকুন্ডে বি.এম. কন্টেইনার ডিপোতে অগ্নিকান্ডে নিহত ও আহতদের পরিবার পরিজনের প্রতি গভীর শোক ও সমবেদনা জানানো হয়। এ ছাড়াও নগরীর বিশিষ্ট ব্যক্তিদের মৃত্যুতে শোক প্রকাশ করে মোনাজাত করা হয়।

সভাপতি উপস্থিত প্যানেল মেয়র, কাউন্সিলরগণ, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কর্মকর্তা ও অন্যান্য সংস্থার প্রতিনিধিবৃন্দকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে সভা পরিচালনা করার জন্য চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা ও সচিব জনাব খালেদ মাহমুদকে আহবান জানান। সভাপতির অনুমতিক্রমে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা সভার কার্যক্রম শুরু করেন।

শুরুতে গত ২৮ মে ২০২২ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ১৬তম সাধারণ সভার কার্যবিবরণী উপস্থাপন করা হয় এবং কারো আপত্তি না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা বিভিন্ন বিভাগ থেকে প্রেরিত গত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির গুরুত্বপূর্ণ বিষয় সমূহ সভায় উপস্থাপন করেন ।

পরিচ্ছন্ন বিভাগের অগ্রগতি প্রতিবেদনে উল্লেখ করা হয়, পরিচ্ছন্ন বিভাগের জোন প্রধান, তত্ত্বাবধায়ক, পরিদর্শক, সুপারভাইজার/দলপতিদের চেইন অব কমান্ড ঠিক রেখে নিজ নিজ দায়িত্ব পালনে যাতে কেউ গাফেলতি বা অবহেলা না করে সেজন্য নির্দেশনা দেয়া হয়েছে এবং মনিটরিং জোরদার করা হয়েছে। ডেঙ্গু, চিকুনগুনিয়ার প্রার্দুভাবরোধে প্রাত্যহিক মশার ঔষধ ছিটানোর কার্যক্রমে গতিশীলতা আনয়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। সকল ওয়ার্ডের বিভিন্ন অলি- গলি, মসজিদের আশ-পাশ, কবরস্থান,নালা নর্দমা,বসতবাড়ীর আঙ্গিনাসহ অন্যান্য সকল স্থানের ঝোপঝাড় পরিষ্কার করা হচ্ছে এবং নিয়মিত মশার ঔষধ স্প্রে করা হচ্ছে।

আসন্ন পবিত্র ঈদুল আযহা ২০২২ উপলক্ষে গঠিত কোরবানি বর্জ্য ব্যবস্থাপনা কমিটিতে নগরীর ৪১টি ওয়ার্ডকে ০৬ টি জোনে বিভক্ত করে প্রত্যেক জোনে একজন করে সম্মানিত কাউন্সিলরকে দায়িত্ব প্রদান করা হয়েছে। সমন্বিতভাবে সকলে যার যার দায়িত্ব সঠিকভাবে পালন করলে এ বছর কোরবানির দশ ঘন্টার মধ্যে বর্জ্য অপসারণ কাজ সুষ্টুভাবে সম্পন্ন করা সম্ভব হবে ।

বর্ষায় নগরের কোন স্থানে যাতে পানি জমে না থাকে সে জন্য ওয়ার্ডের ছোট নালা নর্দমা (৩ফুটের মধ্যে) ওয়ার্ডের জনবল দ্বারা সংশ্লিষ্ট সম্মানিত কাউন্সিলরদের দিক নির্দেশনায় নিয়মিত পরিষ্কার কাজ চলমান রয়েছে। অন্যদিকে বড় বড় নালা ও খালগুলো প্রকৌশল বিভাগের পাশাপাশি পরিচ্ছন্নতা বিভাগের আওতায় ভাড়া করা স্কেভেটর দ্বারা পরিস্কার করানোর কাজও চলমান রয়েছে এবং ভাড়া করা ড্রাম ট্রাক দ্বারা উত্তোলিত মাটি- আবর্জনা দ্রুত অপসারণ করা হচ্ছে।

প্রকৌশল বিভাগের অগ্রগতি প্রতিবেদনে উল্লেখ করা হয়, বারইপাড়া খাল খননের ১৬ টি ব্লকের কাজ একযোগে পরিচালিত হচ্ছে এবং বাস্তবায়ন অগ্রগতি প্রতিমাসে মেয়র মহোদয় বরাবর প্রেরণ করা হবে। ২৫০০ কোটি টাকার প্রকল্পে উন্নয়ন কাজ ওয়ার্ড কাউন্সিলরদের মতামতের ভিত্তিতে গ্রহণ করা হচ্ছে। হাটহাজারী রোডের সংস্কার কাজ চসিকের নিজস্ব এসফল্ট প্ল্যান্টের মাধ্যমে চলমান রয়েছে। বিভিন্ন প্রকল্পের উন্নয়ন কাজ যেমন ঢালাই,কার্পেটিং, টাইলস,স্ল্যাব নির্মাণ ইত্যাদি ক্ষেত্রে সুপারভাইজার ও উপসহকারী প্রকৌশলীগণ কর্মস্থলে উপস্থিত থাকছেন এবং এ

ব্যাপারে কঠোর নজরদারি করা হচ্ছে। এলইডি লাইট প্রকল্পের জন্য প্রধান প্রকৌশলী ও প্রকল্প পরিচালক মন্ত্রণালয়ে পত্রের মাধ্যমে যোগাযোগ করছেন। নগরীর ফুটপাতের ২৭,৬৩৭ বর্গফুট বিনষ্ট স্ল্যাব মেরামত করা হয়েছে। ২৮নং ওয়ার্ড কার্যালয় সংস্কার সম্পন্ন হয়েছে এবং ৩৮,৩৯ ও ৪১নং ওয়ার্ড কার্যালয় সংস্কার কাজ চলমান রয়েছে। ২১টি খাল চিহ্নিত করে সীমানা নির্ধারণ ও সম্ভাব্যতা যাচাইয়ের জন্য কনসালটেন্ট নিয়োগ প্রক্রিয়াধীন রয়েছে। নিজস্ব প্ল্যান্টের মালামাল দ্বারা প্যাচওয়ার্ক কাজ চলমান রয়েছে যা দিয়ে ওলিগলির খানা খন্দক মেরামত করা হচ্ছে।

রাজস্ব বিভাগের অগ্রগতি প্রতিবেদনে উল্লেখ করা হয়, ইমরাত নির্মাণ এবং পুনঃ নির্মাণের জন্য আবেদনের উপর কর আরোপের অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণের নিমিত্ত নথি উর্ধ্বতন কর্তৃপক্ষের বরাবরে চলমান রয়েছে। ২৬ টি খাত এবং বর্হিভূত খাত থেকে কর আদায়ের জন্য বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। ই-রেভিনিউ পদ্ধতিতে রাজস্ব আদায়ের হার বৃদ্ধির লক্ষ্যে সম্মানিত করদাতাদের অবহিতকরণ ও সচেতনতা বৃদ্ধিসহ কর/ফি আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কর কর্মকর্তা ( কর/লাইসেন্স) দের নির্দেশনা প্রদান করা হয়। অনুমতিপত্র পরিদর্শকগণ ক্রমান্বয়ে সপ্তাহে একদিন ট্রেড লাইসেন্স ইস্যুকরণের নিমিত্তে ইতোমধ্যে কিছু সংখ্যক ওয়ার্ড কার্যালয়ে অবস্থান করেছেন। যেসব কর আদায়কারী ও লাইসেন্স পরিদর্শকগণ ৭০% এর নীচে কর/ ফি আদায় করেছে তাদেরকে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়। রাজস্ব আদায়ে গতিশীলতা আনয়নের জন্য রাজস্ব বিভাগের কর্মকর্তা-কর্মচারীদের সাথে আগামী ২০২২-২০২৩ অর্থবছর অর্থাৎ জুলাই হতে প্রতি মাসে মতবিনিময় সভা করা হবে। ৮ টি রাজস্ব সার্কেল হতে ওয়ার্ডভিত্তিক বৈধ ও অবৈধ স্ল্যাব এর তালিকা নেয়া হয়েছে। উক্ত তালিকা মতে কর আদায়ের ব্যবস্থা গ্রহণ করা হবে।

নগর পরিকল্পনা বিভাগের অগ্রগতি প্রতিবেদনে উল্লেখ করা হয়, এয়ারপোর্ট রোড ও ভি.আই.পি রোডকে "জননেত্রী শেখ হাসিনা সড়ক" নামে নামকরনের জন্য "জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেমোরিয়াল ট্রাস্ট" এর অনুমতির জন্য পত্র প্রেরণ করা হয়েছে । অক্সিজেন গোল চত্বরকে গাউছুল আজম মাইজভান্ডারী নামকরণের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরিত পত্রের প্রেক্ষিতে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক সম্মতি/অনুমোদন পত্র প্রদান করা হয়। আর্টিলারি সেন্টার হতে চট্টগ্রাম পোর্ট লিংক সড়কের নবনির্মিত রাস্তা স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে "গার্নাস স্বাধীনতার সড়ক" হিসাবে নামকরনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। ৩৬নং গোসাইলডাঙ্গা ওয়ার্ডস্থ নিমতলা ব্রীজের পূর্ব-পার্শ্বস্থ মহেশখালের উপর নব-নির্মিত নান্দনিক সেতুটির ব্যাপারে সাবেক কাউন্সিলর "মরহুম হাবিবুল হক"-এর অবদান স্মরণ স্বরূপ তাঁহার নামে নামকরনের জন্য প্রস্তাব বর্তমানে অনুমোদন প্রক্রিয়াধীন আছে।সৌন্দর্যবর্ধন চুক্তিগুলোতে যে অনিয়ম অসংগতি রয়েছে তা দূরীকরণে বিগত সাধারণ সভায় চুক্তি রিভিউর সিদ্ধান্ত বাস্তবায়ন করার নিমিত্তে নথি মাননীয় মেয়র মহোদয়ের অনুমোদনের অপেক্ষায় আছে। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের পাবলিক লাইব্রেরী ভবনের লাইব্রেরী অংশ "ভাষা সৈনিক কবি মাহবুব-উল-আলম চৌধুরী"-এর নামে নামকরনের জন্য প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের মাধ্যমে মন্ত্রণালয়ে ২৭/০৪/২০২২খ্রিঃ তারিখে পত্র প্রেরণ করা হয়।

ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব খালেদ মাহমুদ সাধারণ সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন ও অগ্রগতির প্রতিবেদনে তথ্য উপাত্ত সমূহ আরো সুনিদিষ্টভাবে উল্লেখ করে যথাসময়ে উপস্থাপনের জন্য স্ব স্ব বিভাগকে নির্দেশনা দেন। তিনি বিগত সাধারণ সভার কার্যবিবরণীতে অন্তর্ভুক্ত অবাস্তবায়িত সিদ্ধান্ত সমূহ দ্রুত বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট বিভাগের দৃষ্টি আর্কষণ করেন। অত:পর পরবর্তী আলোচ্যসূচি অনুযায়ী আলোচনায় অংশগ্রহণের জন্য তিনি সকলের প্রতি অনুরোধ জানান।

১.১ঃ ৭নং ওয়ার্ড কাউন্সিলর ও বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব মোবারক আলী বলেন,সিডিএ কর্তৃক বাস্তবায়নাধীন মাষ্টার প্ল্যান প্রণয়ন কমিটির সদস্য হিসেবে প্রতিটি ওয়ার্ডের আয়তন ও গুরুত্ব বিবেচনার বিভিন্ন ওয়ার্ডে সর্বমোট ১০০ টি এসটিএস এবং ১০০ একরের ২টি টিজি অন্তর্ভুক্ত করার সুপারিশ করা হয়েছে।

জলাবদ্ধতা নিরসনে গঠিত কুইক রেসপন্স টিমের সদস্যগণ নগরীর বিভিন্ন স্থানে পরিদর্শনের মাধ্যমে জলাবদ্ধতাপ্রবন এলাকাকে তিনটি ভাগে বিভক্ত করা হয়েছে। ভাগগুলো হচ্ছে মোহরা, বাকলিয়া ও হালিশহর ।এ তিনটি অঞ্চলের জলাবদ্ধতার সমস্যাগুলো চিহ্নিতপূর্বক তা দ্রুত সমাধানের জন্য সিডিএ ও সিটি কর্পোরেশনের মাধ্যমে ব্যবস্থা নেয়া হচ্ছে। তবে জলাবদ্ধতা প্রকল্পের কাজের স্বার্থে স্থাপিত বাঁধগুলো কিছু কিছু ক্ষেত্রে অপসারণ এসময়ে সম্ভব হচ্ছে না। তথাপি বৃষ্টি হলে সেসব চিহ্নিত স্থান পর্যবেক্ষণ পূর্বক দ্রুত খালের মাটি সরিয়ে পানি নিষ্কাশনের ব্যবস্থা করা হবে। তিনি মানব সৃষ্ট বর্জ্যের কারণে নালা নর্দমা ভরাট হচ্ছে উল্লেখ করে এ সমস্যা থেকে পরিত্রাণের জন্য চসিকের অনুকূলে উপআইন প্রণয়ন করে পরিচ্ছন্ন বিভাগের সহযোগিতা নিয়ে তা প্রয়োগের সুযোগ দেওয়ার জন্য সভাকে অনুরোধ জানান। তিনি এনজিও'র মাধ্যমে নালা নর্দমা ও খালে বর্জ্য না ফেলার জন্য প্রচার প্রচারণার উদ্যোগ নিতে আহবান জানান। তিনি কোরবানীর পশুর চামড়া কোরবানীর দিন সরাসরি শহরে না এনে উপজেলা পর্যায়ে লবণজাত করার জন্য সংশ্লিষ্টদের অবহিত ও তদারকি করার অনুরোধ জানান। সর্বোপরি তিনি কোরবানীর বর্জ্য অপসারণে দায়িত্বপ্রাপ্ত ৬টি জোনের সম্মানিত কাউন্সিলরগণকে স্ব স্ব জোনের প্রতিটি ওয়ার্ড কাউন্সিলরের সাথে সমন্বয় করে জবাইকৃত পশুর উচ্ছিষ্ট যাতে নিদিষ্ট সময়ের মধ্যে অপসারণ ও পরিচ্ছন্ন করে প্রতিবারের মত এবারও সুনাম অর্জন করা যায় সে বিষয়ে তৎপর থাকার জন্য বিনীত অনুরোধ জানান।

১.২ঃ ৮নং শুলকবহর ওয়ার্ড কাউন্সিলর জনাব মোরশেদ আলম বলেন, প্রতি ওয়ার্ডে স্কেভেটরের মাধ্যমে খাল নালার মাটি, আবর্জনা উত্তোলন কাজ চলছে। কিন্তু মাটি গুলো ফেলা নিয়ে সমস্যা সৃষ্টি হচ্ছে । তিনি বিষয়টি সমাধানে সভাপতিকে অনুরোধ জানান। তিনি বলেন,শুলকবহর ওয়ার্ড নগরীর সর্বাধিক জলাবদ্ধতা প্রবন ওয়ার্ড। ২ নং গেইট এলাকার পাহাড়তলী মৌজা থেকে নেমে আসা প্রবল পানির স্রোত ৮ফিট বক্স কালভার্টের মধ্যে দিয়ে প্রবাহিত হওয়ার কারণে পানি নিষ্কাষিত হতে পারে না বিধায় বৃষ্টি হলে মূল সড়কের উপর পানি উঠে এলাকা প্লাবিত হয়। তিনি এস্থানে বক্স কালভার্টের পরিবর্তে স্ল্যাব করে দেয়ার আহবান জানান।

১.৩ঃ ১১নং দক্ষিণ কাট্টলী ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ ইসমাইল পিসি রোডের ফুটপাতে ব্যবসায়ীদের মালামাল রেখে টাইলস ভেঙ্গে যাওয়া এবং পথচারী চলাচলের বিঘ্ন ঘটায় সেস্থান থেকে দখলদারদের উচ্ছেদ করে নির্বিঘ্নে পথচারী চলাচলের ব্যবস্থা করার জন্য সভাকে অনুরোধ করেন।

১.৪ঃ র‍্যাব ৭ এর ডিএডি মোঃ সাইফুল ইসলাম চট্টগ্রাম সিটি কর্পোরেশনের যে কোন ধরণের উচ্ছেদ অভিযানে র‍্যাব স্বতর্স্ফূতভাবে অংশগ্রহণ করবেন বলে সভাকে অবহিত করেন।

১.৫ঃ প্রধান প্রকৌশলী জনাব রফিকুল ইসলাম জানান,বারইপাড়া খালের খনন প্রকল্পটি ২৩ টি উপপ্রকল্পে বিভক্ত করে সম্পন্ন করা হচ্ছে। জমি অধিগ্রহণের ৫টি এলএ মামলার মধ্যে ২টির অনুকুলে ১০ একর ভূমি ২০২১ সালের ডিসেম্বরে জেলা প্রশাসন কর্তৃক বুঝিয়ে দেয়ার প্রেক্ষিতে প্রকল্পের মোট ১৬ টি লটের মধ্যে ভূমি বুঝে পাওয়া স্থানে ৬টি লটের কর্মপরিকল্পনা করা সম্ভব হয়েছে। বাকী ১০টি লটের ১৫একর ভূমি এখনো চসিককে হস্তান্তর করা হয়নি। সে অনুযায়ী চসিকের অনুকুলে হস্তান্তরকৃত অংশটুকু আগামী জুন ২০২৩ সালের মধ্যে সম্পন্ন করার জন্য মাস ভিত্তিক কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। এর আওতায় ৬৭০০ ফুট খাল খনন ,খালের পাশে প্রতিরোধ দেয়াল, সড়ক ও ড্রেইন নির্মান করা হবে। অবশিষ্ট ভূমি হস্তান্তর করলে তার কর্ম পরিকল্পনা তৈরি করে জুন ২৪ এর মধ্যে নির্দিষ্ট সময়ে কাজ সম্পন্ন করা সম্ভব হবে। ২৫০০ কোটি টাকার সড়ক উন্নয়ন কাজের টেন্ডার প্রক্রিয়া ডিসেম্বরের মধ্যে সম্পন্ন করে সড়ক উন্নয়নের কাজ শুরু হবে।এলইডি প্রকল্পের মূল্যায়ন প্রক্রিয়া মন্ত্রণালয়ে চলমান রয়েছে। জলাবদ্ধতা যাতে প্রকট না হয় সেজন্য নগরীর গুরুত্বপূর্ণ সংস্থার সমন্বয়ে চসিকে আয়োজিত সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে সিডিএ প্রধান প্রকৌশলীকে আহবায়ক ও চসিক প্রধান প্রকৌশলী, জলাবদ্ধতার মেগা প্রকল্প বাস্তবায়নকারী সংস্থার প্রকল্প পরিচালক, চসিক বর্জ্য ব্যবস্থাপনা কমিটির সভাপতিকে সদস্য করে গঠিত চার সদস্য কমিটি জলাবদ্ধতা প্রবণ স্থান সমূহ পরিদর্শন পূর্বক পর্যবেক্ষণের আলোকে খালের মধ্যে প্রকল্পের স্বার্থে দেওয়া আড়াআড়ি বাঁধ সমূহ অপসারণ করে এ মৌসুমে পানি প্রবাহের প্রতিবন্ধকতা দূরীকরনে ব্যবস্থা নেওয়া হচ্ছে।

১.৬ঃ চসিকের ভারপ্রাপ্ত উপপ্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা ও মাননীয় মেয়রের একান্ত সচিব জনাব মুহাম্মদ আবুল হাসেম জানান, পবিত্র ঈদুল আজহাকে সামনে রেখে নির্ধারিত সময়ের মধ্যে সফলভাবে কোরবানীর পশুর বর্জ্য অপসারণের সকল প্রস্তুতি সম্পন্ন হয়েছে। এ লক্ষ্যে ২৯জুন জেলা প্রশাসন, প্রাণি সম্পদ অধিদপ্তর, বিসিক,লবন ব্যবসায়ী,চামড়া আড়তদার ও আইন শৃঙ্গলা বাহিনীর সাথে সমন্বয় সভা অনুষ্ঠিত হবে। কোরবানে পশু জবাইয়ের বর্জ্য নির্দিষ্ট স্থানে রাখা ও সঠিক নিয়মে চামড়া সংরক্ষণের জন্য কেবল টিভি সহ পত্র পত্রিকায় প্রচার প্রচারণা করা হবে। জলাবদ্ধতা নিরসনে চলমান ক্রাশ প্রোগ্রামের আওতায় প্রতিটি ওয়ার্ডে একযোগে পরিচ্ছন্ন কর্মী ও বিশেষ দলের সদস্যদের অংশগ্রহণে নালা নর্দমার মাটি ,ময়লা আবর্জনা উত্তোলনের কাজ চলমান রয়েছে। কিন্তু স্কেভেটর ও ড্রাম ট্রাকের অপ্রতুলতার কারণে কার্যক্রম বিঘ্নিত হচ্ছে। ময়লা আবর্জনা যত্রতত্র না ফেলতে সচেতনতা সৃষ্টির জন্য কাউন্সিলরদের সহযোগিতায় ওয়ার্ড ভিত্তিক মাইকিং ও পত্র পত্রিকার প্রচার প্রচারণা চালানো হচ্ছে। ১৭ নং পশ্চিম বাকলিয়া ওয়ার্ডের কাউন্সিলরের অভিযোগের প্রেক্ষিতে নির্মাণাধীন ভবনের পাইলিং এর মাটি নালায় ফেলার কারণে ম্যাজিস্ট্রেটের মাধ্যমে ১০ হাজার টাকা জরিমানা করা হয়েছে। তিনি রাস্তায়, দোকানের সামনে,খাল নালায়,ময়লা আবর্জনা না ফেলার জন্য জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে সম্মানিত কাউন্সিলর ও দায়িত্বশীল মহলের সহযোগিতায় ব্যাপকভাবে প্রচার প্রচারণার উপর গুরুত্ব দেওয়ার জন্য সভাকে অনুরোধ জানান।

১.৭ঃ চসিকের প্রধান রাজস্ব কর্মকর্তা জনাব মোহাম্মদ নজরুল ইসলাম জানান,২০২১-০২২ অর্থবছরে ৩৮৩ কোটি ৭৬ লক্ষ ৭৪ হাজার টাকা লক্ষ্য মাত্রার বিপরীতে ৪৯% রাজস্ব আদায় হয়েছে যার পরিমাণ ১৮৭ কোটি ৭৫ লক্ষ টাকা। তিনি গৃহকর আদায়ের পরিমাণ বৃদ্ধি করার জন্য কর আদায়কারীদের সাথে নিয়মিত সভা আয়োজনের উপর গুরুত্বারোপ করেন। ইমারত নির্মাণের উপর করারোপের ক্ষেত্রে ঢাকা ও রাজশাহী সিটি কর্পোরেশনের গেজেট এখনো প্রকাশিত হয়নি মর্মে তিনি সভাকে অবহিত করেন।

১.৮ঃ সম্মানিত সভাপতি মাননীয় মেয়র জনাব মোঃ রেজাউল করিম চৌধুরী তাঁর বক্তব্যে শুরুতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কর্মকর্তা , প্যানেল মেয়র, কাউন্সিলর ও অন্যান্য সংস্থা থেকে উপস্থিত অতিথিবৃন্দকে শুভেচ্ছা ও অভিনন্দন জানান। সভাপতি বলেন, চট্টগ্রামে কর্ণফুলী নদীর তলদেশে নির্মাণাধীন ট্যানেল চালু হলে নগরীর গুরুত্ব আরো বৃদ্ধি পাবে সেসাথে নাগরিক সেবাকেও উন্নত করতে হবে।এই বিবেচনায় বর্জ্য ব্যবস্থাপনাকে আধুনিকভাবে সাজাতে হবে। এক্ষেত্রে সাধারণ জনগণের যেখানে সেখানে ময়লা আবর্জনা ফেলার যে অভ্যাস সৃষ্টি হয়েছে তা দূরীকরণে কঠোর হতে হবে।এজন্য গনমাধ্যমে বিজ্ঞপ্তি ও মাইকিং এর মাধ্যমে প্রতিটি ওয়ার্ডে প্রচার প্রচারনা চালানো হচ্ছে।এরপর যদি বিষয়টি কেউ অনুধাবন করতে ব্যর্থ হয় তাহলে সরকার কর্তৃক প্রণিত " কঠিন বর্জ্য ব্যবস্থাপনা আইন" এর মাধ্যমে আইনগত ব্যবস্থা নিতে চসিক বাধ্য হবে।

তিনি বলেন, জলাবদ্ধতা নিরসনে স্বল্প মেয়াদি ব্যবস্থা হিসেবে ক্র্যাশ প্রোগ্রামের যে কার্যক্রম হাতে নেয়া হয়েছে তার আওতায় নগরীর প্রতিটি ওয়ার্ডের নালা নর্দমার মাটি উত্তোলনের মাধ্যমে পানি প্রবাহ বৃদ্ধি করার জন্য কাজ পুরোদমে অব্যাহত রয়েছে। অতিবর্ষনে সৃষ্ট জলাবদ্ধতা সমস্যা সমাধানে নগরীর গুরুত্বপুর্ণ সেবা সংস্থাকে নিয়ে চসিকের উদ্দ্যোগে সভা আয়োজন করে সিডিএ ও চসিকের সমন্বয়ে গঠিত চার সদস্য বিশিষ্ট কমিটি খাল নালার মাধ্যমে দ্রুত পানি নিষ্কাশনের সকল প্রতিবন্ধকতা দূরীকরণে সরেজমিনে পরিদর্শন ও পর্যবেক্ষণপূর্বক জরুরী ভিত্তিতে ব্যবস্থা গ্রহণ করছে। সিডিএ কর্তৃক সরকারের রূপকল্প ২০৪১ এর সাথে মিল রেখে চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকায় মাষ্টার প্লান প্রনয়ন করা হচ্ছে। এই মাষ্টার প্ল্যানে চসিকের প্রতিটি ওয়ার্ডে এস.টি.এস (সেকেন্ডারী টান্সফার স্টেশন) ও টিজি স্থাপনের উপর গুরুত্ব দেয়া হয়েছে।

পবিত্র ঈদুল আযহাকে সামনে রেখে নগরীকে ৮ ঘন্টার মধ্যে পরিচ্ছন্ন রাখার ব্যাপারে সার্বিক প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। নগরীতে কোরবানীর দিন থেকে আরো তিন দিন যাতে উপজেলা থেকে জবাইকৃত পশুর চামড়া প্রবেশ না করে সে ব্যাপারে চামড়া ব্যবসায়ী, লবন ব্যবসায়ী, জেলা প্রশাসন ও আইন শৃংঙ্খলা বাহিনীর সাথে মতবিনিময় সভা অনুষ্ঠান করে উপজেলা পর্যায়ে চামড়া লবনজাত করে সংরক্ষণের ব্যবস্থা নিতে প্রস্তুতি সভা আয়োজন করতে হবে। নগরবাসীরা পশুর বর্জ্য নির্দিষ্ট জায়গায় রাখার সুবিধার্থে বিজিএমই'র সহায়তায় ০১(এক) লক্ষ পলিব্যাগ সরবরাহ করা হবে জানিয়ে তিনি বলেন, বিগত বছর কোরবানীর বর্জ্য অপসারণে চসিক সারা দেশে যে সুনাম অর্জন করেছে তা থেকে যেন আরো উত্তরণ করতে পারা যায় সে প্রচেষ্টা চালানো হবে।

তিনি বলেন, নগরীতে ইমারত বা টাওয়ার নির্মাণ করতে গেলে যে প্ল্যান অনুমোদন দেয়া হবে তাতে সিটি কর্পোরেশন থেকে ছাড়পত্র নেয়ার বাধ্যবাধকতা থাকতে হবে। তা নাহলে নগরীর জলাবদ্ধতা সহ অন্যান্য যে সমস্যার সৃষ্টি হয় তা নিরসন সম্ভব হবে না।তিনি বলেন, নগরীর জলাবদ্ধতা নিরসন ও উন্নয়নে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বারইপাড়া খাল খনন প্রকল্পের জন্য ১৩৭০ কেটি টাকা এবং নগরীর সামগ্রীক সড়ক ও যোগাযোগ ব্যবস্থা উন্নয়নে ২৫০০ কোটি টাকা বরাদ্দ দিয়েছেন তা সঠিকভাবে কাজে লাগাতে হবে। ২৫০০ কোটি টাকার উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে কাউন্সিলরদের কাছ থেকে কাজের তালিকা সংগ্রহ করে এবং তাদের মতামতকে অগ্রাধিকার দিয়ে কাজের গুনগত মান অক্ষুন্ন রেখে সততা ও জবাবদিহিতার মাধ্যমে প্রকল্প বাস্তবায়ন করতে হবে। তিনি নগরীতে জলাবদ্ধতা নিরসনে মেগা প্রকল্প বহির্ভূত ২১টি খাল চিহ্নিত করে সীমানা নির্ধারণ ও সম্ভাব্যতা যাচাইয়ের জন্য কনসালটেন্ট নিয়োগ প্রক্রিয়া দ্রুততার সাথে সম্পন্ন করার জন্য EOI আহবানের জন্য প্রধান প্রকৌশলীকে নির্দেশনা দেন।

তিনি দুঃখ প্রকাশ করে বলেন, নগরীতে জলজটের কারণে রাস্তা ও নালা একাকার হয়ে পূর্বে যে প্রাণহানির ঘটনা ঘটেছে তা যেন পুনরাবৃত্তি না হয় সেই জন্য নগরীতে জলাবদ্ধতা নিরসনে মেগা প্রকল্প বাস্তবায়নকারী সংস্থাসহ যে সেবা সংস্থাই কাজ করুক না কেন সে সব জায়গায় নিরাপত্তা বেষ্টনী নির্মাণের দায়িত্ব চসিক প্রকৌশল বিভাগকে নিতে হবে। তিনি ভবিষ্যতে প্রাণহানির মত দুর্ঘটনা যাতে না হয় সে ব্যাপারে সজাগ দৃষ্টি রাখতে প্রধান প্রকৌশলীকে নির্দেশ দেন। তিনি ২নং গেইট এলাকায় পানি প্রবাহ বাধাপ্রাপ্ত হবার কারন নিরুপন ও করণীয় নির্ধারনে প্রতিবেদন প্রদানের নির্দেশ দেন।

তিনি রাজস্ব বিভাগকে গতিশীল করার আহবান জানিয়ে বলেন, মন্ত্রণালয় কর্তৃক ২৬টি খাতের উপর কর আদায়ের নীতিমালা থাকলেও চসিকের এ পর্যন্ত আদায়কৃত কয়েকটি খাত ছাড়া বাকি খাতগুলোকে করের আওতায় আনতে কি কি পদক্ষেপ নিতে হবে তা খতিয়ে দেখে আগামী জুলাই মাসের মধ্যে ব্যবস্থা নিতে প্রধান রাজস্ব কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করেন।

সভাপতি নগরীর সৌন্দর্য্যবর্ধন প্রকল্পের নামে অপরিকল্পিত ভাবে যাদের জায়গা বরাদ্দ দেয়া হয়েছে তাতে সৌন্দর্য্য বর্ধনের চাইতে সৌন্দর্য্য হানি হয়েছে বলে অসন্তোষ প্রকাশ করেন। ইতোমধ্যে চুক্তি অনুযায়ী প্রকল্প বাস্তবায়ন না করায় চুক্তি বাতিল করা হয়েছে এবং আরও বাতিল করা হবে বলে তিনি অভিমত ব্যক্ত করেন। সভাপতি সৌন্দর্য্যবর্ধনের যে সমস্ত ফেন্সিং করা হয়েছে তা পুনরায় সংস্কার করে দৃষ্টি নন্দন করার জন্য প্রকৌশল বিভাগকে নির্দেশনা দেন এবং মিড আইল্যান্ডে সৌন্দর্য্য বর্ধনকারী বৃক্ষ রোপন এবং রোপিত গাছ গুলোকে সঠিক পরিচর্যা করার জন্য সংশ্লিষ্ট বিভাগকে নির্দেশ দেন।

তিনি বলেন, সিলেটের বন্যাদুর্গতদের পাশে দাঁড়ানোর নিমিত্তে চসিকের কাউন্সিলর ও কর্মকর্তাদের একদিনের সম্মানি বন্যাদুর্গতদের জন্য আর্থিক সাহায্যাকারে প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে এবং চট্টগ্রাম সিটি কর্পোরেশনের একটি চিকিৎসক টিম দুর্গতদের চিকিৎসা সেবা প্রদানের জন্য প্রেরণ করা হবে।

তিনি শত বাধা ও ষড়যন্ত্র উপেক্ষা করে বিশ্বের দ্বিতীয় খরস্রোতা নদী প্রমত্তা পদ্মার বুকে সম্পূর্ণ দেশীয় অর্থায়নে সেতু নির্মাণ করে যে অসাধ্য সাধিত হয়েছে তার জন্য মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে চট্টগ্রামবাসীর পক্ষ থেকে অভিনন্দন জানান এবং সেতু উদ্বোধনে দেশব্যাপী বর্ণাঢ্য আয়োজনের অংশ হিসেবে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে নগরীর গুরুত্বপূর্ণ স্থানসমূহে এলইডির মাধ্যমে উদ্বোধন অনুষ্ঠান সরাসরি সম্প্রচার, আলোকসজ্জা, সাংস্কতিক অনুষ্ঠানসহ বর্ণিল আয়োজনের মাধ্যমে প্রশংসিত হওয়ায় কাউন্সিলর ও সংশ্লিষ্টদের আন্তরিক ধন্যবাদ জানান।

সভায় সংস্থার জরুরী প্রয়োজনে গত জানুয়ারি ২০২২ থেকে অদ্যাবধি বিভিন্ন বিভাগে ভিন্ন ভিন্ন পদে অস্থায়ী ভাবে নিয়োগকৃত কর্মকর্তা-কর্মচারিদের নিয়োগের ও বেতন-ভাতাদি প্রদানের বিষয়টি সর্বসম্মতিক্রমে ভূতাপেক্ষ অনুমোদন দেয়া হয়।

সভাপতি টাইগারপাস চত্ত্বরটি পূর্বকোণের প্রতিষ্ঠাতা সম্পাদক ইউসুফ চৌধুরী'র নামে নামকরণের প্রস্তাব করলে সভায় সর্বসম্মতিক্রমে তা গৃহীত হয়। তিনি এ বিষয়ে মন্ত্রণালয় থেকে চুড়ান্ত অনুমোদনের নিমিত্তে পত্র প্রেরণের জন্য সংশ্লিষ্ট শাখাকে নির্দেশনা প্রদান করেন।

সভাপতি নগরীতে সকল সেবাদানকারী সংস্থাকে তাদের কাজের সমন্বয়ের উপর পুনরায় গুরুত্বারোপ করেন এবং সকলের অর্পিত দায়িত্ব সর্বোচ্চ আন্তরিকতা ও নিষ্ঠার সাথে পালনের জন্য অনুরোধ জানান।

উপরোক্ত আলোচনার প্রেক্ষিতে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

**আলোচ্যসূচি ০১ ঃ গত ২৯ মে ২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ১৬তম সাধারণ সভার কার্যবিবরণী অনুমোদন**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| সভাপতির অনুমতিক্রমে বিগত ২৯মে ২০২২খ্রি. তারিখে অনুষ্ঠিত ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ১৬তম সাধারণ সভার কার্যবিবরণী ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা সভায় উপস্থাপন করেন। | কোন সংযোজন বিয়োজন না থাকায় সর্বসম্মতিক্রমে ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ১৬তম সাধারণ সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। | সচিব<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

**আলোচ্যসূচি ০২ ঃ গত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা।**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| গত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা সভায় উপস্থাপন করেন। সভায় বিগত সভার সিদ্ধান্তের অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | বিগত সাধারণ সভার অবাস্তবায়িত সিদ্ধান্ত সমূহ দ্রুত বাস্তবায়ন করতে হবে। | ১। সচিব<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>২। বিভাগীয় প্রধান (সকল)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

আলোচ্যসূচি ০৩ ঃ বিভিন্ন বিভাগ, স্থায়ী কমিটির সিদ্ধান্ত ও বিগত সভাসমূহের গৃহিত গুরুত্বপূর্ণ অবাস্তবায়িত সিদ্ধান্ত সমূহের বিষয়ে আলোচনা।

### ৩:১ঃ পরিচ্ছন্নতা বিভাগ

#### ৩:১:১ঃ সাধারণ সভায় আলোচনার প্রেক্ষিতে নিম্নের সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রমিক নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| ১। | প্রতিটি ওয়ার্ডে ক্রাশ প্রোগ্রামের আওতায় জরুরী ভিত্তিতে স্কেভেটর (প্রয়োজনে ভাড়া নিয়ে) ও চসিকের জনবল দ্বারা যান্ত্রিক শাখার সাথে সমন্বয়ের মাধ্যমে নগরীর সব নালা, নর্দমা থেকে বালি, মাটি, ময়লা, আবর্জনা অপসারণ করে পানি প্রবাহ সচল করতে হবে। | ১। প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>২। প্রধান/ উপ প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক) চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |
| ২। | আসন্ন পবিত্র ঈদুল আজহা উপলক্ষে জবাই করা গবাদিপশুর বর্জ্য ৮ ঘন্টার মধ্যে অপসারণের নিমিত্তে প্রয়োজনীয় মালামাল / যন্ত্রপাতি / গাড়ি ইত্যাদি সংগ্রহ করে শতভাগ প্রস্তুতি সম্পন্ন করতে হবে। এ সংক্রান্ত প্রতিবেদন ০৭ (সাত) দিনের মধ্যে মেয়র বরাবর পেশ করতে হবে। | প্রধান/উপ প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন। | |
| ৩। | আসন্ন ঈদুল আযহার বর্জ্য অপসারণে সম্মানিত কাউন্সিলরদের তত্ত্বাবধানে গঠিত কমিটির মাধ্যমে পরিচ্ছন্নতা বিভাগের সমস্ত জনবলের সাথে ওয়ার্ডওয়ারী প্রস্তুতি সভা করতে হবে। | ১। সভাপতি বর্জ্য ব্যবস্থাপনা স্থায়ী কমিটি চট্টগ্রাম সিটি কর্পোরেশন।<br>২। সম্মানিত কাউন্সিলর (স্ব স্ব ওয়ার্ড) চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>৩। প্রধান/উপ প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |
| ৪। | কোরবানী পশুর বর্জ্য ব্যবস্থাপনার সুবিধার্থে পশুর উচ্ছিষ্ট ফেলার জন্য সংগ্রহকৃত এক লাখ পলিব্যাগ যথাসময়ে কোরবানী দাতাদের নিকট পৌছাঁতে হবে। | প্রধান/উপ প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |
| ৫। | কোরবানী পশুর চামড়া যাতে রাস্তা, ডাস্টবিন টিজিতে ফেলতে না হয় সেজন্য গৃহীত ব্যবস্থা বাস্তবায়নে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। | | |
| ৬। | ডেঙ্গু, চিকুনগুনিয়ার প্রকোপ রোধে এডিস মশার উৎপত্তিস্থল ধ্বংস ও নিয়মিতভাবে মশার ঔষধ ছিটানোর কার্যক্রম আরো বিস্তৃতভাবে পরিচালনা করতে হবে। | ১। প্রধান/উপ প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>২। ম্যালেরিয়া ও মশক নিধন কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |
| ৭। | ওয়ার্ডে ও বিশেষ দলে কর্মরত শ্রমিকদের ডিজিটাল হাজিরা শতভাগ নিশ্চিত করতে হবে। | ১। প্রধান/উপ প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>২। প্রোগ্রামার চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

#### ৩:১:২ঃ পরিচ্ছন্নতা বিভাগ সম্পর্কিত বিভিন্ন স্থায়ী কমিটি কর্তৃক গৃহিত সিদ্ধান্তঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| গত ১৩ জুন ২০২২ খ্রি.তারিখে অনুষ্ঠিত পরিচালনা ও রক্ষণাবেক্ষণ বিষয়ক স্থায়ী কমিটির ১১তম সভায় আসন্ন ঈদ উল আযহা উপলক্ষে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়। | কোরবানীর দিন ও পরের দিন বর্জ্য ব্যবস্থাপনা কাজে নিয়োজিত চালক, হেলপার, শ্রমিক, মেকানিক, অপারেটরদের অতিরিক্ত কর্মঘন্টার জন্য ভাতা প্রদান করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান/উপ প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন | পরিচালনা ও রক্ষণাবেক্ষণ বিষয়ক স্থায়ী কমিটির সিদ্ধান্তের প্রেক্ষিতে গৃহিত সিদ্ধান্ত। |
| গত ০৭ জুন ২০২২ খ্রি.তারিখে অনুষ্ঠিত সমাজ কল্যাণ ও কমিউনিটি সেন্টার বিষয়ক স্থায়ী কমিটির ৮ম সভায় আসন্ন ঈদ উল | ১। জমিয়াতুল ফালাহ ঈদের জামায়াত স্থলের প্যান্ডেল ও চারপাশ এবং পার্শ্বস্থ সড়কের ড্রেনসহ পরিষ্কার রাখা, ড্রেনের পানি প্রতিরোধে ও নিষ্কাশনের ব্যবস্থা করতে হবে। | প্রধান/উপ প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন। | সমাজ কল্যাণ ও কমিউনিটি সেন্টার বিষয়ক স্থায়ী কমিটির |

| | | | |
|---|---|---|---|
| আযহা উপলক্ষে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়। | ২। ৪১টি ওয়ার্ডে অবস্থিত মসজিদসমূহের আশপাশের পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করা এবং প্রতি ওয়ার্ডের পরিচ্ছন্নতা সুপারভাইজারগণ সম্মানিত কাউন্সিলরদের সাথে সমন্বয়পূর্বক পরিচ্ছন্নতা কার্যক্রম তদারকি জোরদার করতে হবে। | | সিদ্ধান্তের প্রেক্ষিতে গৃহিত সিদ্ধান্ত। |

**৩:১:৩ঃ পরিচ্ছন্নতা বিভাগের বিগত সভাসমূহের গৃহিত গুরুত্বপূর্ণ অবাস্তবায়িত সিদ্ধান্ত সমূহঃ**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বিগত বিভিন্ন সভায় পরিচ্ছন্নতা বিভাগের পার্শ্বোক্ত অবাস্তবায়িত সিদ্ধান্ত সমূহ যা বাস্তবায়ন হয়নি অথচ জনগুরুত্বপূর্ণ এবং বাস্তবায়ন প্রয়োজন এরূপ সিদ্ধান্ত বাস্তবায়নে বিস্তারিত আলোচনা হয় এবং দ্রুত বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। রাস্তা, ফুটপাত ও কর্পোরেশনের নিজস্ব জায়গায় অবৈধ স্থাপনা উচ্ছেদের কার্যক্রম অব্যাহত রাখার মাধ্যমে নগরীকে যানজট ও জলজট মুক্ত রাখতে হবে।<br>২। সকল ওয়ার্ডের বিভিন্ন অলিগলি, মসজিদের আশপাশ, কবরস্থান, নালানর্দমা, বসতবাড়ীর আঙ্গিনাসহ অন্যান্য সকল স্থানের ঝোপঝাড় পরিস্কার করা এবং কাজের অগ্রগতি প্রতিবেদন ওয়ার্ড ভিত্তিক প্রতিবেদন আকারে উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে। | ১। ক) নির্বাহী ম্যাজিষ্ট্রেট/স্পেশাল ম্যাজিষ্ট্রেট,চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) প্রধান/উপ প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>গ) এষ্টেট অফিসার চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>২। ক) প্রধান/উপ প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা, চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) ম্যালেরিয়া ও মশক নিধন কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

**৩:২ঃ প্রকৌশল বিভাগ (পুরকৌশল শাখা)**

**৩:২:১ঃ সাধারণ সভায় আলোচনার প্রেক্ষিতে নিম্নের সিদ্ধান্ত গৃহীত হয়ঃ**

| ক্রমিক নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| ১। | নগরীতে নতুন ভবন নির্মানের ক্ষেত্রে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ছাড়পত্র বাধ্যতামূলক করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |
| ২। | নগরীর সড়কে ও ফ্ল্যাইওভারের নিচে উপযুক্ত স্থানে পে-পার্কিং এর ব্যবস্থা করতে হবে। | | |
| ৩। | নগরীর ফুটপাতের ভাঙ্গা রেলিং,গ্রীল ও সৌন্দর্যবর্ধনের জন্য স্থাপিত বিনষ্ট বেষ্টনীগুলো পরিদর্শন পূর্বক তালিকা প্রস্তুত করে দ্রুত মেরামতের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>২। নগর পরিকল্পনাবিদ চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |
| ৪। | জলাবদ্ধতার মেগা প্রকল্পভূক্ত এলাকাসহ নগরীর ঝুঁকিপূর্ণ সব খাল নালায় ১৫ (পনের) দিনের মধ্যে নিরাপত্তা বেষ্টনী/স্ল্যাব/নিদের্শক চিহ্ন স্থাপন করতে হবে এবং ফুটপাতের বিনষ্ট স্ল্যাব মেরামত করতে হবে। | প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |
| ৫। | ২১ টি খালের সীমানা নির্ধারণ ও সম্ভব্যতা যাচাইয়ের জন্য EOI আহবানের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। | | |
| ৬। | নগরীর খাল নালা ব্যবস্থাপনা ও রক্ষণাবেক্ষনের জন্য প্রয়োজনীয় জনবলের বিষয়ে জলাবদ্ধতা নিরসন প্রকল্পের প্রতিনিধি ও সিডিএ'র সাথে সমন্বয় পূর্বক জনবলের চাহিদা সচিবালয়ে প্রেরণ করতে হবে। | ১। সচিব চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>২। প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |
| ৭। | ২৫০০ কোটি টাকার প্রকল্পের মাধ্যমে প্রয়োজনীয় সড়ক উন্নয়নের জন্য কাউন্সিলরদের প্রায়োরিটি তালিকা মাননীয় মেয়র বরাবর প্রেরণ করতে হবে। | প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |
| ৮। | ২নং গেইট এলাকার জলাবদ্ধতার কারণ নিরুপন এবং সমাধানে করণীয় বিষয়ে একটি প্রতিবেদন উপস্থাপন করতে হবে। | | |
| ৯। | সেবক কলোনী নির্মাণ,রাস্তা ও ট্রাক টার্মিনাল নির্মাণ, বারইপাড়া খাল খনন ও ২৫০০ কোটি টাকার সড়ক, ওভারব্রীজ নির্মাণ প্রকল্পের কাজের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনাকারে উপস্থাপন করতে হবে। | | |

৩:২:২ঃ প্রকৌশল বিভাগ (পুরকৌশল শাখা) সম্পর্কিত বিভিন্ন স্থায়ী কমিটি কর্তৃক গৃহিত সিদ্ধান্তঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| গত ১৩ জুন ২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত নগর অবকাঠামো সংরক্ষণ বিষয়ক স্থায়ী কমিটির ১০ম সভায় ওয়ার্ড ভিত্তিক ২০২২-২৩ অর্থবছরের জন্য বার্ষিক উন্নয়ন কর্মপরিকল্পনা সংক্রান্ত বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়। | ওয়ার্ড ভিত্তিক ২০২২-২৩ অর্থবছরের জন্য বার্ষিক উন্নয়ন কর্মপরিকল্পনা সংশ্লিষ্ট সম্মানিত ওয়ার্ড কাউন্সিলরসহ প্রস্তুতপূর্বক আগামী সভায় উপস্থাপন করতে হবে। | ১। সম্মানিত কাউন্সিলর (স্ব স্ব ওয়ার্ড) চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>২। প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>৩। সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন। | নগর অবকাঠামো সংরক্ষণ বিষয়ক স্থায়ী কমিটির সিদ্ধান্তের প্রেক্ষিতে গৃহিত সিদ্ধান্ত। |
| গত ১৫ জুন ২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত অর্থ ও সংস্থাপন বিষয়ক স্থায়ী কমিটির ৬ষ্ঠ সভায় চসিকের আওতাধীন এলাকায় রোড কার্টিং এর ফি বৃদ্ধি এবং বিভিন্ন শাখার জন্য ঠিকাদার তালিকাভূক্ত করা এবং তালিকাভূক্ত ঠিকাদারের মাধ্যমে ক্রয় কার্য সম্পাদনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চসিকের আওতাধীন এলাকায় রোড কার্টিং এর ফি বৃদ্ধি বিষয়ে প্রকৌশল বিভাগের মাধ্যমে স্থানীয় সরকার বিভাগে পুন: পত্র দেয়ার বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। প্রকৌশল বিভাগের ন্যায় প্রকিউরমেন্ট শাখা, নেজারত শাখা এবং অন্যান্য শাখার জন্য ঠিকাদার তালিকাভূক্ত করা এবং তালিকাভূক্ত ঠিকাদারের মাধ্যমে ক্রয় কার্য সম্পাদন করতে হবে। | প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন | অর্থ ও সংস্থাপন বিষয়ক স্থায়ী কমিটির সিদ্ধান্তের প্রেক্ষিতে গৃহীত সিদ্ধান্ত। |
| গত ৭ জুন ২০২২ খ্রি.তারিখে অনুষ্ঠিত সমাজ কল্যাণ ও কমিউনিটি সেন্টার বিষয়ক স্থায়ী কমিটির ৮ম সভায় পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়। | পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে জমিয়াতুল ফালাহ মসজিদ প্রাঙ্গণে প্যান্ডেল, ম্যাট ও জায়নামাজে ব্যবস্থা করা এবং ব্যানার, সাজসজ্জার কাজসহ ঈদের দিন ঈদজামাতের সুষ্ঠু ব্যবস্থাপনায় পর্যাপ্ত লোকবল নিয়োজিত ও সমন্বয় করতে হবে। | প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন | সমাজ কল্যাণ ও কমিউনিটি সেন্টার বিষয়ক স্থায়ী কমিটির সিদ্ধান্তের প্রেক্ষিতে গৃহিত সিদ্ধান্ত। |

৩:২:৩ঃ প্রকৌশল বিভাগ (যান্ত্রিক শাখা) সম্পর্কিত বিভিন্ন স্থায়ী কমিটি কর্তৃক গৃহিত সিদ্ধান্তঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| গত ১৩ জুন ২০২২ খ্রি.তারিখে অনুষ্ঠিত পরিচালনা ও রক্ষণাবেক্ষণ বিষয়ক স্থায়ী কমিটির ১১তম সভায় আসন্ন ঈদ উল আযহা উপলক্ষে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। আসন্ন কোরবানীর বর্জ্য ব্যবস্থাপনা কার্যক্রমের জন্য ০১দিনের জন্য ১০০টি ডাম্প ট্রাক (০৫টন ৭০টি, ০৩ টন ৩০টি) ভাড়া নেয়ার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। কোরবানী উপলক্ষে বিভিন্ন সাইজের চাকা, ব্যাটারী জরুরী ভিত্তিতে ক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১-২। ক) প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যাঃ) চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>গ) প্রধান/ উপ প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা, চট্টগ্রাম সিটি কর্পোরেশন | পরিচালনা ও রক্ষণাবেক্ষণ বিষয়ক স্থায়ী কমিটির সিদ্ধান্তের প্রেক্ষিতে গৃহিত সিদ্ধান্ত। |
| গত ৭ জুন ২০২২ খ্রি.তারিখে অনুষ্ঠিত সমাজ কল্যাণ ও কমিউনিটি সেন্টার বিষয়ক স্থায়ী কমিটির ৮ম সভায় আসন্ন ঈদ উল আযহা উপলক্ষে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়। | পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে জমিয়াতুল ফালাহ মসজিদ প্রাঙ্গণে ওজুর জন্য ভাউজারসহ পর্যাপ্ত পানির ব্যবস্থা করতে হবে। | ক) প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক),চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>গ) নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক) চট্টগ্রাম সিটি কর্পোরেশন | সমাজ কল্যাণ ও কমিউনিটি সেন্টার বিষয়ক স্থায়ী কমিটির সিদ্ধান্তের প্রেক্ষিতে গৃহিত সিদ্ধান্ত |

৩:২:৪ঃ প্রকৌশল বিভাগের (যান্ত্রিক শাখা) বিগত সভাসমূহের গৃহিত গুরুত্বপূর্ণ অবাস্তবায়িত সিদ্ধান্ত সমুহ:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বিগত বিভিন্ন সভায় প্রকৌশল বিভাগের (যান্ত্রিক শাখা) পার্শ্বোক্ত অবাস্তবায়িত সিদ্ধান্ত | ১। সচল ,অচল ও মেরামতযোগ্য যানবাহনের তালিকা প্রস্তুত করতে হবে।<br>২। প্রয়োজনে আউটসোর্সিং এর মাধ্যমে মেকানিক নিয়োগ করে নিজস্ব গ্যারাজে যানবাহন মেরামত কার্যক্রম সম্পন্ন করতে হবে। | ১-৪। ক) প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক),চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

| | | | |
|---|---|---|---|
| সমূহ যা বাস্তবায়ন হয়নি অথচ জনগুরুত্বপূর্ণ এবং বাস্তবায়ন প্রয়োজন এরূপ সিদ্ধান্ত বাস্তবায়নে বিস্তারিত আলোচনা হয় এবং দ্রুত বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | ৩। মাদারবাড়ীতে চসিকের জায়গায় সীমানা প্রাচীর এবং গাড়ি রাখা ও মেরামতের জন্য শেড নির্মাণ করতে হবে।<br>৪। এক মাসের মধ্যে অকেজো নিলামযোগ্য যন্ত্র পাতি/গাড়ি নিলামে বিক্রি করতে হবে। | গ) নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক), চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

**৩:২:৫ঃ প্রকৌশল বিভাগ (বিদ্যুৎ শাখা) সম্পর্কিত বিভিন্ন স্থায়ী কমিটি কর্তৃক গৃহিত সিদ্ধান্ত:**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
